গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরী মেডিসিন এন্ড রেফারেল সেন্টার

শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।

www.nilmrc.gov.bd

স্মারক নং এনআইএল এম-আরসি/প্রশাসন/২০২৬/ ৬০৪৪ তারিখঃ ০৭/০৯/২০২৬ইং

ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরী মেডিসিন এন্ড রেফারেল সেন্টার শের-ই-বাংলানগর, ঢাকা- এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ-

স্থানঃ অধ্যাপক ডাঃ শামছুজ্জামান সম্মেলন কক্ষ ।

সময়ঃ ০৮.৩০ ঘটিকা

তারিখঃ ০৮-০৯-২০২৬ইং।

সভা নং-৮০

আলোচ্য বিষয়ঃ-

১. পূর্বের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন।
২. সকল বিভাগের বিগত ০৩ (তিন) মাসের কার্যক্রম রেভিনিউ কালেকশন উপস্থাপন ও পর্যালোচনাঃ-
৩. প্রতিটি বিভাগের নিরাপত্তা বিষয়ক আলোচনা।
৪. প্রতিটা বিভাগ এবং ক্যাম্পাস পরিস্কার পরিচ্ছন্নতা বিষয়ক আলোচনা।
৫. কর্মকর্তা কর্মচারীদের বায়োমেট্রিক উপস্থিতি নিয়ে আলোচনা।
৬. মাননীয় প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টা গত ৩১/০৮/২৬ইং অত্র প্রতিষ্ঠানে আকর্ষিক পরিদর্শন তদপরবর্তী কার্যক্রম বিষয়ক আলোচনা।
৭. আইসিটি ষ্টোর ম্যানেজমেন্ট বিষয়ক আলোচনা।
৮. বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা।
৯. অত্র কম্পাউন্ড পরিস্কার পরিচ্ছন্নতা,কম্পাউন্ডে যানবাহন নিয়ন্ত্রণ/ কম্পাউন্ডে পার্কিং/ভাসমান দোকান উচ্ছেদ বিষয়ক আলোচনা।
১০. অত্র প্রতিষ্ঠান দালালমুক্ত রাখার বিষয়ে আলোচনা।
১১. পরীক্ষা করতে আসা রোগীদের জন্য অধিকতর স্বাস্থ্য সেবা প্রদানের প্রতিবন্ধকতা নিরুপন বিষয়ক আলোচনা।
১২. সেবা গ্রহন কারীদের কাছ থেকে পরামর্শ, অভিযোগ ,প্রতিক্রিয়া ,বিষয়ক ফরম এর পর্যালোচনা।
১৩.গনপুর্ত বিভাগ ইএমই কর্তৃক অত্র প্রতিষ্ঠানে বিভিন্ন বিভাগে অসম্পন্ন কাজ প্রসঙ্গে।
১৪. গনপুর্ত বিভাগ সিভিল কর্তৃক অত্র প্রতিষ্ঠানে বিভিন্ন বিভাগে অসম্পন্ন কাজ প্রসঙ্গে।
১৫. বিবিধঃ-

সভাপতিঃ অধ্যাপক ডাঃ হুমায়রা বিনতে আসাদ, পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরী মেডিসিন এন্ড রেফারেল সেন্টার শের-ই-বাংলানগর, ঢাকা, উপস্থিত ছিলেন উপ-পরিচালক ইনসিটু, সকল বিভাগীয় প্রধানগন, সকল চিকিৎসকবৃন্দ,সকল মেডিকেল টেকনোলজিস্টগন, সকল রাজস্ব কর্মচারীবৃন্দ, আউটসোর্সিং সুপারভাইজার। সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন জনাব মোহাম্মদ হুমায়ুন কবির , সহকারী প্রোগ্রামার । অতঃপর আগষ্ট/ ২০২৬ইং মাসের কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কিছু বিষয়ে সংশোধনী থাকার পরেও কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর সেপ্টেম্বর / ২৬ মাসের সমন্বয় সভার বিষয় ভিত্তিক আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	১. নমুনা সংগ্রহ ও আউটডোর বিভাগ	1.Red Tube(Clot-Activator) -22000 2.EDTA Tube –18500, 3. Sodium Floride-5000 4. Lithium heparin-1700, 5. Sodium citratre-1200 6. Butterfly-20000, 7. Blood c/s -660, 8. Urine c/s -980 ১.সভাপতি মহোদয় নমুনা সংগ্রহ বিভাগের ইনচার্জ সর্বোচ্চ রোগীর সেবা প্রদান করায় ইনচার্জকে ধন্যবাদ জনান অত্র প্রতিষ্ঠানে আগত রোগীদেরকে শৃংখলাবদ্ধ রাখার জন্য এবং চলাচলে নিবিড় পরিবেশ বজায় রাখার লক্ষ্যে দিক নির্দেশনা প্রদান করেন। আউটডোর বিভাগের জরুরী চিঠিপত্র তৈরী করতে নিচ তলায় / আউটডোর / নমুনা সংগ্রহ বিভাগে নতুন একটি কম্পিউটার সেট লাগবে। সহকারী অধ্যাপক ডাঃ বায়েজিদ বিন মুনির নিচতলা ষ্টিকার নির্দেশনা টানানোর জন্য আগত রোগীদের দিকনির্দেশনায় সহায়তা হওয়ায় সভাপতি মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। আউটডোর/ নমুনা সংগ্রহ বিভাগ/এর নিরাপত্তার স্বার্থে অফিস শেষে কলাপসিবল গেট লাগানো হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য ইনচার্জকে নির্দেশনা দেন। সভাপতি মহোদয় আউটডোর/নমুনা সংগ্রহ বিভাগে কর্মরত কর্মচারীদেরকে ধন্যবাদ জানান।	বিশেষ কোন বিষয় উত্থাপিত হয়নি।	পরিচালক, এনআইএলএম-সকল বিভাগীয় প্রদান ও সকল কর্মকর্তা কর্মচারীবৃন্দ

চলমান পাতা..০২

০১. ক)	১.ক) বিলিং কাউন্টার	১. খ) **সহকারী প্রফেসর ডাঃ বায়েজিদ বিন মনির** বলেন বিলিং কাউন্টার রোগীদের বিল ভাউচারে নাম লেখার সময় অনেক ভাউচারে দেখা যায় Male এর স্থলে Female লিখে ফেলে আবার ফিমেইল এর স্থলে Male লিখে ফেলে যার দরুণ রিপোর্টিং এর কাজে কিছুটা ব্যাঘাত ঘটে । সেই জন্য বিলিং কাউন্টারে যারা কাজ করেন তাদেরকে সতর্কতার সহিত কাজ করার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা দেন।	বিশেষ কোন বিষয় উত্থাপিত হয়নি।	পরিচালক, এনআইএলএম- সকল বিভাগীয় প্রদান ও সকল কর্মকর্তা কর্মচারীবৃন্দ
০২	Radiology Department 1. USG 2. ECG 3. X-Ray 4. CT Scan	রেডিওলজী বিভাগে 1.USG -জুন মাসে-631টি , জুলাই মাসে-794 টি আগষ্ট মাসে-693টি 2. ECG - জুন মাসে-৬৫৩টি, জুলাই মাসে-1930 ও আগষ্ট মাসে-646টি 3. X-Ray - জুন মাসে-১৭০২টি, জুলাই মাসে-1930টি ও আগষ্ট মাসে-1389টি 4. CT Scan -জুন মাসে -126টি, জুলাই মাসে-122 টি ও আগষ্ট মাসে-146টি পরীক্ষা করা হয়। । রেডিওলজি এন্ড ইমেজিং বিভাগে এক্সরে মেশিনের সমস্যার কারনে এক্সরে করা আপাদত বন্ধ আছে। ওয়েবসাইডে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে এবং চালু হলে পরবর্তীতে তা ওয়েবসাইডে জানানো হবে। সভাপতি মহোদয় ল্যাব এর নিরাপত্তার স্বার্থে অফিস শেষে কলাপসিবল গেট লাগানো হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য বিভাগীয় প্রধানগনকে নির্দেশনা দেন। উক্ত বিভাগের সকল কর্মকর্তা কর্মচারীদেরকে ধন্যবাদ জানান ।	বিশেষ কোন বিষয় উত্থাপিত হয়নি।	পরিচালক, এনআইএলএম- বিভাগীয় প্রদান ও সকল কর্মকর্তা কর্মচারীবৃন্দ
০৩	Clinical Pathology-Department - গত তিন মাসের রিপোর্ট	ক্লিনিক্যাল প্যাথলজি বিভাগের মেডিকেল টেকনোলজিস্টগন (ল্যাবঃ) উপস্থাপকের আলোচনায় জুন-২৭৪০৪টি, জুলাই মাসে-১৭৩৯৮টি ও আগষ্ট মাসে ১৭৬৬০টি পরীক্ষা হয়। সভাপতি মহোদয় ল্যাব এর নিরাপত্তার স্বার্থে অফিস শেষে কলাপসিবল গেট লাগানো হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য বিভাগীয় প্রধানগনকে নির্দেশনা দেন। উপস্থাপককে ধন্যবাদ জানিয়ে সকল কর্মকর্তা /কর্মচারীদের দায়িত্বশীল ও পারস্পারিক সহযোগিতার মাধ্যমে কাজ করার জন্য নির্দেশ প্রদান করেন।	বিশেষ কোন বিষয় উত্থাপিত হয়নি।	নির্বাহী প্রকৌশলী ও উপসহকারী প্রকৌশলী গনপূর্ত বিভাগ এর অন্যান্য কর্মচারী বৃন্দ
০৪	Microbiology - Department - গত তিন মাসের পরীক্ষার রিপোর্ট পেশ ও বিবিধ	মাইক্রোবায়োলজি বিভাগের মেডিকেল টেকনোলজিস্টগন (ল্যাবঃ) উপস্থাপকের উপস্থাপনায় জুন মাসে -৭৩৩৭ টি, জুলাই মাসে ৭৪৬৩টি ও আগষ্ট মাসে-৮১৮৩টি পরীক্ষা করা হয় । বিভাগীয় প্রধান বলেন মাই সফটওয়ার এলার্জি প্যানেলটা বাংলায় করতে হবে কিন্তু কিছুটা সময় লাগবে। সভাপতি মহোদয় ল্যাব এর নিরাপত্তার স্বার্থে অফিস শেষে কলাপসিবল গেট লাগানো হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য বিভাগীয় প্রধানগনকে নির্দেশনা দেন। উক্ত বিভাগে কর্মরত সকলকে ধন্যবাদ জানান।	বিশেষ কোন বিষয় উত্থাপিত হয়নি।	নির্বাহী প্রকৌশলী ও উপসহকারী প্রকৌশলী গনপূর্ত বিভাগ এর অন্যান্য কর্মচারী বৃন্দ
০৫	Biochemistry - Department - গত তিন মাসের পরীক্ষার রিপোর্ট পেশ ও বিবিধ	বয়োকেমিস্ট্রি বিভাগের মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবঃ) এর উপস্থাপকের বর্ণনায় জুন মাসে-২৯২৭৯ টি, জুলাই মাসে ৫৫৪১টি ও আগষ্ট মাসে -৩৬১৪৬ টি পরীক্ষা করা হয়। সভাপতি মহোদয় ল্যাব এর নিরাপত্তার স্বার্থে অফিস শেষে কলাপসিবল গেট লাগানো হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য বিভাগীয় প্রধানগনকে নির্দেশনা দেন। উক্ত বিভাগের বিভাগীয় প্রধানসহ সকলকে দায়িত্বশীল হয়ে কাজ করার জন্য নির্দেশ প্রদান করেন।	TLA ল্যাব চালু করা হয়েছে। রি-এজেন্ট সরবরাহ না থাকায় পরীক্ষা করা যাচ্ছেনা।	পরিচালক, এনআইএলএম- বিভাগীয় প্রদান ও সকল কর্মকর্তা কর্মচারীবৃন্দ
০৬	pathology-Department- গত তিন মাসের পরীক্ষার রিপোর্ট পেশ ও বিবিধ	প্যাথলজি বিভাগের মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবঃ) উপস্থাপকের আলোচনায় গত তিন মাসের টেষ্ট হিসাব যথা - জুন মাসে ৩৬৬টি জুলাই মাসে-৩৬৮টি ও আগষ্ট মাসে-৩৫৭টি পরীক্ষা করা হয়। সভাপতি মহোদয় ল্যাব এর নিরাপত্তার স্বার্থে অফিস শেষে কলাপসিবল গেট লাগানো হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য বিভাগীয় প্রধানগনকে নির্দেশনা দেন। সকলকে ধন্যবাদ জানিয়ে প্রত্যেকের উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করার নির্দেশ প্রদান করেন।	বিশেষ কোন বিষয় উত্থাপিত হয়নি।	পরিচালক, এনআইএলএম- বিভাগীয় প্রদান ও সকল কর্মকর্তা কর্মচারীবৃন্দ
০৭	Hematology - Department - গত তিন মাসের পরীক্ষার রিপোর্ট পেশ	হেমাটোলজি বিভাগের মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবঃ) এর উপস্থাপকের বর্ণনামতে জুন মাসে- ৮৮১১টি, জুলাই মাসে ৮৯১০টি ও আগষ্ট মাসে- ১০৩৪১টি পরীক্ষা করা হয়। সভাপতি মহোদয় ল্যাব এর নিরাপত্তার স্বার্থে অফিস শেষে কলাপসিবল গেট লাগানো হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য বিভাগীয় প্রধানগনকে নির্দেশনা দেন। পরীক্ষার ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে সকলকে দায়িত্বশীল হয়ে কাজ করার জন্য পরামর্শ প্রদান করেন।	বিশেষ কোন বিষয় উত্থাপিত হয়নি।	পরিচালক, এনআইএলএম- বিভাগীয় প্রদান ও সকল কর্মকর্তা কর্মচারীবৃন্দ

চলমান পাতা..০৩

০৮	Virology-Department - তিন মাসের পরীক্ষার রিপোর্ট পেশ ও বিবিধ	মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবঃ) এর উপস্থাপকের উপস্থাপনায় গত তিন মাসের যথা জুন মাসে ৩৯৩২টি, জুলাই মাসে ৪২৯৫টি ও আগষ্ট মাসে -৫২৩৯টি পরীক্ষা করা হয় । উর্দ্ধতন কতৃপক্ষের নির্দেশনা মোতাবেক তিন মাস ডেঙ্গু প্রতিরোধে সবোচ্চ সতর্কতা জারী থাকায় প্রতিদিন অত্র প্রতিষ্ঠান হতে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবরে ডেঙ্গুর রিপোর্ট প্রেরণ করতে হবে। TLA ল্যাবে রি-এজেন্ট সরবরাহ না থাকায় পরীক্ষা করতে পারছেন না । সভাপতি মহোদয় রি-এজেন্ট সংশ্লিষ্টদের দ্রুত সময়ের মধ্যে সমাধানের নির্দেশ দেন এবং ল্যাব এর নিরাপত্তার স্বার্থে অফিস শেষে কলাপসিবল গেট লাগানো হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য বিভাগীয় প্রধানগনকে নির্দেশনা দেন। উক্ত বিভাগে কর্মরত সকলকে ধন্যবাদ জানিয়ে দায়িত্ব সঠিকভাবে পালন করার নির্দেশ প্রদান করেন ।	ডেঙ্গু রিপোর্ট প্রতিদিন স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করতে হবে। দ্রুত সময়ে বিদ্যুৎ সংযোগ দিতে BSL-2 ল্যাব এখানো চালু করা যায়নি গনপূর্ত বিভাগকে নির্দেশনা দেন।	পরিচালক, এনআইএলএম-বিভাগীয় প্রদান ও সকল কর্মকর্তা কর্মচারীবৃন্দ ও গনপূর্ত বিভাগ
০৯	Blood transfusion pathology-Department -গত তিন মাসের	ব্লাড ট্রান্সফিউশন বিভাগের মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবঃ) এর উপস্থাপকের আলোচনায় জুন মাসে -৫৬১টি, জুলাই মাসে-৬৯৫টি ও ৯৫৫ টি পরীক্ষা করা হয় । অটোমেটিক পদ্ধতিতে পরীক্ষা করা হচ্ছে। বিশেষভাবে কেউ যদি চায় ম্যানুয়াল পদ্ধতিতে পরীক্ষা করতে তাকে ম্যানুয়ার পদ্ধতিতে পরীক্ষা করে দিতে হবে।* সভাপতি মহোদয় উক্ত বিভাগের সকলকে দায়িত্বশীল হয়ে কাজ করার পরামর্শ দেন।	ব্লাড গ্রোপিং পরীক্ষা ম্যানুয়াল/অটোমেটিক দুই পদ্ধতিতে করার সিদ্ধান্ত হয়।	পরিচালক, এনআইএলএম-বিভাগীয় প্রদান ও সকল কর্মকর্তা কর্মচারীবৃন্দ
১০	প্রতিটা বিভাগের নিরাপত্তা বিষয়ক আলোচনা	সভাপতি মহোদয় সকল বিভাগীয় প্রধানগনের উদ্দেশ্যে নিরাপত্তা বিষয়ক আলোচনায় বলেন অনেক সময় দেখা যায় আপনাদের বিভাগের মেইন গেইট খোলা থাকে, এব্যপারে বিভাগীয় প্রধানগন বলেন ভবিষ্যতে এ বিষয়ে আমরা সতর্ক থাকব যাতে মেইন গেইট অফিস সময়ের পরে আর খোলা না থাকে সভাপতি মহোদয় বিভাগীয় প্রধানগনের উদ্দেশ্যে বলেন অফিস সময়ের পরে যেন আর মেইন গেইট খোলা না থাকে আপনারা এ বিষয়ে সতর্ক থাকবেন।	বিশেষ কোন বিষয় উত্থাপিত হয়নি।	নির্বাহী প্রকৌশলী ও উপসহকারী প্রকৌশলী গনপূর্ত বিভাগ এর অন্যান্য কর্মচারী বৃন্দ
১১	প্রতিটা বিভাগ ক্যাম্পাস পরিস্কার পরিচ্ছন্নতা বিষয়ক আলোচনা	পরিস্কার পরিচ্ছন্নতার বিষয়ে আলোচনা হয় প্রতিটা বিভাগীয় প্রধানগন বলেন পরিস্কার পরিচ্ছন্নতার বিষয়ে কোন মন্তব্য নেই সকল বিভাগেরই পরিস্কার পরিচ্ছন্নতাকর্মীগন সঠিক ভাবে দায়িত্ব পালন করছেন। প্রতি শনিবার স্পেশালভাবে ক্যাম্পাসসহ প্রতিটা বিভাগে পরিস্কার পরিচ্ছন্নতার কাজ সঠিকভাবে করছে কিনা তা দেখার জন্য ইনচার্জগনকে নির্দেশনা দেন সভাপতি মহোদয়।	বিশেষ কোন বিষয় উত্থাপিত হয়নি।	নির্বাহী প্রকৌশলী ও উপসহকারী প্রকৌশলী গনপূর্ত বিভাগ এর অন্যান্য কর্মচারী বৃন্দ
১২	বায়োমেট্রিক হাজিরা	অত্র প্রতিষ্ঠানের রাজস্ব /আউটসোর্সিং কর্মকর্তা /কর্মচারীদের বায়োমেট্রিক হাজিরা প্রিন্ট করে আগষ্ট /২৬ইং রাজস্ব কর্মকর্তা কর্মচারীর মধ্যে মোট ০৯ জনের দেরীতে উপস্থিতি পাওয়া গেছে । আউটসোসিং কর্মচারীদের মধ্যে কিছু সংখ্যক দেরিতে উপস্থিতি লক্ষ্য করা যায় । রাজস্ব /আউটসোর্সিং যারা দেরিতে অফিসে আসছেন তাদের বিষয়ে উপপরিচালক মহোদয় সকল Late হাজিরার কর্মচারীদেরকে মোখিকভাবে সতর্ক করেন পরবর্তীতে এরকম Late হাজিরা লক্ষ্য করা হলে আপনাদের বেতন থেকে বিধি মোতাবেক টাকা কর্তন করা হবে। সভাপতি মহোদয় সকল কর্মচারীদের সরকারি চাকুরী বিধি মেনে অফিসে আগমন প্রস্থান করার জন্য কঠোর নির্দেশনা প্রদান করেন।	বিশেষ কোন বিষয় উত্থাপিত হয়নি।	পরিচালক, এনআইএলএম-সকল বিভাগীয় প্রদান ও সকল কর্মকর্তা কর্মচারীবৃন্দ
১৩	মাননীয় প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টা অত্র প্রতিস্ঠানে পরিদর্শন ও তদপরবর্তী কার্যক্রম নিয়ে আলোচনা	৩১/০৮/২০ইং তারিখ মাননীয় প্রধান মন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টা ডাঃ এস.এম. জিয়াউদ্দিন হায়দার, মহোদয় অত্র প্রতিষ্ঠান পরিদর্শন করেন এবং প্রতিস্ঠানের বিভিন্ন বিষয় নিয়ে নিজ উদ্যোগে নিজ দায়িত্বে খোজ খবর নেন এবং জানতে চান অত্র প্রতিষ্ঠানের লক্ষ্য উদ্দেশ্য এই প্রসঙ্গে উপদেষ্টা মহোদয় বলেন এতদিন হয়ে গেল অত্র প্রতিষ্ঠানের লক্ষ্য এবং উদেশ্য সফল হয়নি কেন। এব্যাপারে অত্র প্রতিষ্ঠানের পরিচালক এর নিকট জানতে চান পরিচালক মহোদয় বলেন আমি উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবরে প্রস্তাব প্রেরণ করেছি কিন্তু এই পর্যন্ত কোন সুফল পাওয়া যায়নি । উপদেষ্টা মহোদয় দ্রুত সময়ে সকল ডকুমেন্ট তৈরী করে উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব এর নিকট এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এবং উর্দ্ধতন কর্তৃপক্ষের বরাবরে পৌছানোর নির্দেশনা দেন। উপদেষ্টা মহোদয়ের পরামর্শ মোতাবেক সকল ডকুমেন্ট তৈরী করে তিন দিনের মধ্যে প্রেরণ করা হয়েছে। অত্র প্রতিষ্ঠানের পরিচালক মহোদয় ডেসকো বিদ্যুৎ সংযোগ বিলম্ব হওয়ার দরুন কিছু নতুন মেশিন এবং নতুন পরীক্ষা চালু করতে বিলম্ব হচ্ছে এবিষয়ে উপদেষ্টা মহোদয় বলেন আপনি ডেসকোকে আমার রেফারেন্স দিয়ে কথা বলুন যাতে দ্রুত সময়ে বিদ্যুৎ সংযোগ দিয়ে মানবসেবামূলক প্রতিষ্ঠানের কাজটি অগ্রাধিকার ভিত্তিতে সংযোগ দিয়ে বিষয়টির/সমস্যাটির সমাধান করেন। সভাপতি মহোদয় এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে যোগাযোগ রক্ষা করে চলেছেন।		

চলমান পাতা..০৪

২

১৪	ষ্টোর ম্যানেজমেন্ট/ ষ্টোর আইসিটি	অত্র প্রতিষ্ঠানের আইটি কাজে নিয়োজিত জনাব শাহারিয়ার হোসেন, মাই সফটওয়ার এর সাপোর্ট ইন্জিনিয়ার জানান স্টোর এর সফটওয়ার এর কার্যক্রম শেষ । এখন ইউজার প্রশিক্ষন প্রয়োজন। মালামাল গ্রহন করার ক্ষেত্রে সার্ভে কমিটি যাতে মালামালের মেয়াদ ভালভাবে দেখে গ্রহন করেন। সভাপতি মহোদয় সার্ভে কমিটিকে মালামাল গ্রহনের ক্ষেত্রে সতর্ক থাকার পরামর্শ দেন।	ঠিকাদারের সাথে কথা বলতে হবে। ঠিকাদার যেন সময়মত রি-এজেন্ট সরবরাহ করে ।	পরিচালক, এনআইএলএম- সকল বিভাগীয় প্রদান ও সকল কর্মকর্তা কর্মচারীবৃন্দ
১৫	বর্জ্য ব্যবস্থাপনা/ পরিস্কার পরিচ্ছন্নতা	উক্ত প্রতিষ্ঠানের আউটসোর্সিং সেবাকর্মীদের ইনচার্জ বলেন বর্জ্য ব্যবস্থা সঠিকভাবে হচ্ছে পূর্বের ন্যায় প্রতিষ্ঠানের বর্জ্য ব্যবস্থা সুষ্ঠু ও ভালভাবে চলমান আছে । অটোক্লেভ অপারেটর আউটসোর্সিং কর্মী আবদুল মমিন অটোক্লেভ এর কাজ করে কিন্তু রেজিষ্টার খাতা সঠিকভাবে লিপিবদ্ধ করেনা বলে মাইক্রোবায়োলজি বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ডাঃ খাদিজা খাতুন জানান। বর্জ্যব্যবস্থাপনার সাথে জড়িত সকলকে এখন থেকে দ্রুত সময়ের মধ্যে বর্জ্য অপসারনের জন্য নির্দেশ প্রদান করেন।	অটোক্লেভ এর কাজে দায়িত্ব প্রাপ্তদের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত হয়।	পরিচালক, এনআইএলএম- সকল বিভাগীয় প্রদান ও সকল কর্মকর্তা কর্মচারীবৃন্দ
১৬	ভাসমান দোকান	ভাসমান দোকান আমাদের প্রতিষ্ঠানে খুব একটা নাই তারপরও প্রতিষ্ঠানের সীমানার ভিতর যাতে কোন ভাসমান দোকান বসতে না পারে সেজন্য ইনচার্জদেরকে কঠোরভাবে দায়িত্ব পালনের জন্য সভাপতি মহোদয় নির্দেশ দেয়।	বিশেষ কোন বিষয় উত্থাপিত হয়নি।	পরিচালক, এনআইএলএম- সকল বিভাগীয় প্রদান ও সকল কর্মকর্তা কর্মচারীবৃন্দ
১৭	যানবাহন/ পার্কিং	যত্রতত্র গাড়ী পার্কিং হয় অত্র কার্যালয়ে আনসার না থাকায় এ ব্যবস্থাপনাটা সঠিকভাবে হচ্ছেনা তারপরও আমাদের প্রতিষ্ঠানের নিরাপত্তা প্রহরীগণ যথেষ্ট চেষ্টা চালিয়ে যাচ্ছে পার্কিং ব্যবস্থার শৃংখলা রক্ষা করতে । অত্র প্রতিষ্ঠানে ১০জন আনসার নিয়োগ দেওয়ার বিষয়টি মন্ত্রণালয় অনুমোদন হয়ে বর্তমানে মন্ত্রণালয়ের বাজেট শাখায় রয়েছে এ বিষয়ে আলোচনা হয়েছে।	১০ জন আনসার নিয়োগ এর বিষয়ে অনুমোদন এর জন্য পত্র মন্ত্রণালয় এর বাজেট শাখায় রয়েছে।	পরিচালক, এনআইএলএম- সকল কর্মকর্তা কর্মচারীবৃন্দ
১৮	দালালমুক্ত রাখা	উক্ত প্রতিষ্ঠানে দালাল মুক্ত রাখার বিষয়ে সভাপতি মহোদয় বলেন অত্র প্রতিষ্ঠানে দালাল আগমন ঘটলে সাথে সাথে ধরে পুলিশ এর নিকট সুপর্দ করতে হবে। সভাপতি মহোদয় অত্র প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা /কর্মচারীকে এ বিষয়ে সজাগ ও সতর্ক থাকার নির্দেশনা প্রদান করেন।	বিশেষ কোন বিষয় উত্থাপিত হয়নি।	পরিচালক, এনআইএলএম- সকল বিভাগীয় প্রদান ও সকল কর্মকর্তা কর্মচারীবৃন্দ
১৯	পরীক্ষা করতে আসা রোগীদের প্রতিবন্ধকতা	সেবা গ্রহন করতে আসা রোগীদের মধ্যে যারা শারিরিকভাবে অনেকটা সংকটাপন্ন দেখা যায় সেই সকল রোগীদের আগে সেবা প্রদান করতে হবে। তাহলে ক্যাশ কাউন্টার ও নমুনা সংগ্রহের বুথ এর সংখ্যা এবং জনবল বৃদ্ধি করতে হবে। সঠিক পদ্ধতিতে নমুনা সংগ্রহের জন্য VeinFinder-এর প্রয়োজনীয়তার বিষয়ে আলোচনা হয়।	নমুনা সংগ্রহ বিভাগে VeinFinder-মেশিন ক্রয় এর বিষয়ে সিদ্ধান্ত হয়।	মহাপরিচালক/ পরিচালক (প্রশাসন) স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী ঢাকা ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষগণ
২০	সেবা গ্রহন কারীদের পরামর্শ অভিযোগ পর্যালোচনা	ডাঃ বায়েজিদ বিন মুনির সহকারী অধ্যাপক (ইনসিটু) আরএমও জানান গত তিন মাসে সেবাগ্রহন কারীদের নিকট হতে প্রাপ্ত পরামর্শ অভিযোগ ও প্রতিক্রিয়া ফরম ১ (এক) মাসের পর্যালোচনা করে দেখা যায় যে, ৮৬% সেবাগ্রহনকারী সেবার মান ভাল বলে মতামত দিয়েছেন। সেবা গ্রহনকারীদের নিকট হতে পূরণকৃত তথ্য ফরম পরবর্তীতে আরো বিশদভাবে পর্যালোচনা করে মাসিক সমন্বয় সভায় সিদ্ধান্ত গ্রহন করতে হবে।	পরামর্শ অভিযোগ ও প্রতিক্রিয়া ফরম নতুন করে তৈরী করা হয়েছে পরবর্তীতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা হবে।	পরিচালক, এনআইএলএম- সকল বিভাগীয় প্রদান ও সকল কর্মকর্তা কর্মচারীবৃন্দ
২১	গণপূর্ত সিভিল বিভাগ	গণপূর্ত বিভাগ সিভিল কর্তৃক অত্র প্রতিষ্ঠানে চলমান কাজগুলো সমাধান করার জন্য মাসিক সমন্বয় সভায় উপস্থিত গণপূর্ত বিভাগের কার্য-সহকারীকে সভাপতি মহোদয় অনিষ্পন্ন কাজগুলো দ্রুত সময়ে সমাধান পূর্বক ক্ষেত্র বিশেষে অতিগুরুত্বপূর্ণ, গুরুত্বপুর্ণ ,সাধারণ এই তিনভাগে বিভাজন করে কাজ গুলো বাস্তবায়ন করার জন্য সভাপতি মহোদয় গণপূর্ত বিভাগের উপসহকারী প্রকৌশলীকে অনুরোধ করে বলেন আপনাদের প্রতিষ্ঠান কর্তৃক মেরামত কাজ গুলো দ্রুততম সময়ে শেষ করে দিবেন।	বিশেষ কোন বিষয় উত্থাপিত হয়নি।	নির্বাহী প্রকৌশলী /উপসহকারী প্রকৌশলীগন ও অন্যান্য কর্মকর্তা/কর্মচারীবৃন্দ

চলমান পাতা..../৫

২২	গণপূর্ত ইএম বিভাগ	গণপূর্ত বিভাগ এর উপস্থিত প্রতিনিধি বলেন আগামীকাল অত্র প্রতিষ্ঠানের সরবরাহ করা নতুন জেনারেটর চালু হবে উক্ত জেনারেটর চালু হলে অত্র প্রতিষ্ঠানে বিদ্যুৎ চলে যাবার পর উক্ত জেনারেটরটি অনেক শক্তিশালী হওয়ার দরুন বিদ্যুৎ ব্যাকআপ এর আর কোন সমস্যা হবে না মর্মে আশ্বস্থ করেন উপস্থিত গণপুর্ত বিভাগের ইএম বিভাগের উপ-সহকারী প্রকৌশলী। পাশাপাশি ডেসকোর সাথে পরিচালক মহোদয় কথা বলেছেন অত্র প্রতিস্ঠানের কথা বিবেচনা করে ডেসকো বলেছেন দুপুর তিনটার পরে অত্র এলাকায় লোড শেডিং দিবে তাতে অত্র প্রতিষ্ঠানে বিদ্যুৎ এর কোন সমস্যা হবে না। গণপূর্ত ইএম কর্তৃক অত্র প্রতিষ্ঠানে যে সকল কাজ চলমান আছে তা দ্রুত সময়ের মধ্যে শেষ করার বিষয়ে সভাপতি মহোদয়সহ উপস্থিত সকলকে আশ্বস্থ করেন।	বিশেষ কোন বিষয় উত্থাপিত হয়নি।	নির্বাহী প্রকৌশলী /উপসহকারী প্রকৌশলীগন ও অন্যান্য কর্মকর্তা/কর্মচারীবৃন্দ
২৩	বিবিধঃ- ২৪.ক). বাংলা কিউ আর বিষয়ক ২৪.খ).ডেঙ্গু প্রতিরোধ ২৪.গ).পরিস্কার পরিচ্ছন্নতা ২৪.ঘ). মেডিকেল টেকনোলজিস্ট পদ বিভাজন ২৪.ঙ) এমএসসি কোর্স চালু ২৪.চ).মাই সফটওয়ার ব্যবহার	সভাপতি মহোদয় মাসিক সমন্বয় সভায় এবং কর্মস্থলে সকল কর্মকর্তা ও কর্মচারীর উপস্থিতি নিশ্চিত করাসহ যাতে সঠিক সময়ে অফিসে আগমন ও প্রস্থান নিশ্চিত করার বিষয়ে সকলকে কঠোর নির্দেশনা প্রদান করেন। প্রত্যেক বিভাগীয় প্রধানকে পরীক্ষার রিপোর্ট যথাসময়ে তৈরী ও হস্তান্তর করার বিষয়ে আলোচনা ও নির্দেশনা প্রদান করা হয়। ২৪.ক). **ক্যাশ কাউন্টারে** জাল টাকা বিষয়ে আলোচনা হলে তখন প্রশাসন শাখার প্রশাসনিক কর্মকর্তা বলেন স্বাস্থ্য অধিদপ্তরের সাথে ই-এপয়েন্টমেন্ট এর কাজ চলমান আছে তা বাস্তবায়ন হলে বাংলা কিউ আর চালু করা সম্ভব হবে। ২৪.খ). **ডেঙ্গু সচেতনতামূলক** কার্যক্রম শুরু হওয়ায় **সভাপতি মহোদয়** মাসিক সমন্বয় সভায় উপস্থিত সকলের জ্ঞাতার্থে ডেঙ্গু প্রতিরোধে সচেতন হওয়ার বিষয়ে আলোচনা করেন। ডেঙ্গু কিট পর্যাপ্ত রাখার চেষ্টা করতে হবে। ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনামূলক বিভিন্ন কর্মসূচী পালন করতে হবে। **স্বাস্থ্য অধিদপ্তর** হতে কঠোর নির্দেশনা থাকায় সভাপতি মহোদয় ভাইরোলজি বিভাগের সকলের অবগতির জন্য বলেন প্রতিদিন ডেঙ্গু রিপোর্ট উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করতে হবে। ২৪.গ).**পরিস্কার পরিচ্ছন্নতার** কাজে নিয়োজিত আউটসোর্সিং সুপারভাইজার মামুনকে বলেন প্রতি শনিবার স্পেশালভাবে পরিস্কার পরিচ্ছন্নতার কাজ করে তার ছবি তুলে রাখতে হবে এবং উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। ২৪.ঘ) মেডিকেল টেকনোলজিস্ট গনের পদ বিভাজন স্বাস্থ্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে ও পদ সৃষ্টির বিষয়ে অর্গানোগ্রাম নিয়ে কাজ চলমান আছে। ২৪,ঙ) **এম.এসসি কোর্স** চালুর বিষয়ে বর্তমান অবস্থা ও কাজের অগ্রগতি নিয়ে সভাপতি মহোদয় বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ডিন মহোদয়ের সাথে দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হবে। ২৪.চ) **মাই সফটওয়ার** এর ব্যবহার কারী অত্র প্রতিষ্ঠানের সকল বিভাগের বিভাগীয় প্রধানগন বলেছেন তারা প্রতিদিন রিপোর্ট তৈরীর মত গুরুত্বপুর্ন কাজ করার সময় সফটওয়ার এর ধীর গতির কারনে রিপোর্ট তৈরীসহ বিভিন্ন গুরুত্বপুর্ণ কাজে সমস্যার সম্মুখীন হচ্ছেন। এই ব্যাপারে মাই সফটওয়ার সাপোর্ট ইন্জিনিয়ার শাহারিয়ার জানান সার্ভার সমস্যার কারণে কাজে ধীর গতি হচ্ছে কাজে গতি বাড়ানোর জন্য নতুন সার্ভার ক্রয় করতে হবে। TLA ল্যাবে সফটওয়ার জটিলতার সমাধান হয়নি।		

অত্র প্রতিষ্ঠানের /প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত সকলের আন্তরিকতা ও সার্বিক সহযোগিতা কামনা করে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে অদ্যকার সভার সমাপ্তি ঘোষনা করেন।

(অধ্যাপক ডাঃ হুমায়রা বিনতে আসাদ)
পরিচালক
ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরী মেডিডিন এন্ড রেফারেল সেন্টার
শের-ই-বাংলানগর, ঢাকা।

চলমান পাতা../০৬

স্মারক নং এনআইএল এম-আরসি/প্রশাসন/২০২৬/৬০৪৪/৭ তারিখঃ ৩০/০৯/২০২৬ইং

অনুলিপি -সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ- (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। সচিব ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)।
২। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা।-১২১২।
৩। অতিরিক্ত মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা।-১২১২।
৪। পরিচালক,(প্রশাসন) স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা।-১২১২।
৫। পরিচালক ,হাসপাতাল ও ক্লিনিকসমূহ, স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা।-১২১২।
৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, শের-ই-বাংলানগর,ঢাকা।
৭। উপ-পরিচালক,(ইনসিটু) সহকারী পরিচালক, এনআইএলএম-আরসি,শের-ই-বাংলানগর, ঢাকা।

(অধ্যাপক ডাঃ হুমায়রা বিনতে আসাদ)
পরিচালক
ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরী মেডিডিন এন্ড রেফারেল সেন্টার,
শের-ই-বাংলানগর, ঢাকা।

স্মারক নং এনআইএল এম-আরসি/প্রশাসন/২০২৬/৬০৪৪/১(৩৯) তারিখঃ ৩০/০৯/২০২৬ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ-

১। বিভাগীয় প্রধান.....(সকল) বিভাগ এনআইএলএম-আরসি,শের-ই-বাংলানগর, ঢাকা।
২। ল্যাব ইনচার্জ .....(সকল) এনআইএলএম-আরসি,শের-ই-বাংলানগর, ঢাকা।
৩। সহকারী প্রোগ্রামার এনআইএলএম-আরসি,শের-ই-বাংলানগর, ঢাকা।
৪। প্রশাসনিক কর্মকর্তা (অঃ দাঃ) এনআইএলএম-আরসি,শের-ই-বাংলানগর, ঢাকা।
৫। অফিস নথি।

(অধ্যাপক ডাঃ হুমায়রা বিনতে আসাদ)
পরিচালক
ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরী মেডিডিন এন্ড রেফারেল সেন্টার,
শের-ই-বাংলানগর, ঢাকা।